দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 26 APR 1997 ...
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম ভার্সিটি অনার্সে ভর্তি পরীক্ষা সোমবার শুরু ॥ প্রতি আসনের জন্য ১৫ জন প্রার্থী

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, সংবাদদাতা** ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স কোর্সের বিভিন্ন ইউনিট ও ইনস্টিটিউটের লিখিত ভর্তি পরীক্ষা আগামী সোমবার থেকে শুরু হবে। এ বছর বিভিন্ন বিষয়ে অনার্স কোর্সে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের তীব্র প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হতে হবে। প্রতিটি আসনের জন্য গড়ে ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে সাতটি ইউনিটে ২,৩০২টি আসনের জন্য মোট ৩৬ হাজার ৪৪৬টি আবেদনপত্র জমা পড়েছে। এর মধ্যে বিদেশী, উপজাতীয় এবং ওয়ার্ডভিত্তিক বরাদ্দের জন্য ২৭০টি আসন নির্ধারিত। এ ছাড়া ২,৩০২টি আসন ছাড়াও ২৫টি আসন খেলোয়াড়দের জন্য বরাদ্দ দেয়া হবে। এ বছর আসনপ্রতি সবচেয়ে বেশি আবেদনপত্র জমা পড়েছে সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউটে— প্রতিটি আসনের জন্য ৫৪ জন প্রার্থী। সবচেয়ে কম আবেদনপত্র জমা পড়েছে 'খ, ইউনিট বা কলা অনুষদে। এখানে প্রতিটি আসনের জন্য ৯ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউটে মোট ৪৭টি আসনের জন্য ২,১৯০টি আবেদনপত্র জমা পড়েছে। আসনপ্রতি দ্বিতীয় সর্বাধিক আবেদনপত্র জমা পড়েছে 'ঙ' ইউনিট বা আইন অনুষদে। এই অনুষদে ৮২টি আসনের জন্য ৩,৩৪১টি আবেদনপত্র জমা পড়েছে। সবচেয়ে কম 'খ' ইউনিট বা কলা অনুষদের ৬৬৯টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে ৬,৩৩৯টি। 'ঘ' ইউনিট বা সমাজ বিজ্ঞান অনুষদে মোট ৪৫০টি আসনের জন্য ৪,৮৭০ জন প্রার্থী আবেদন পত্র জমা দিয়েছে। 'গ' ইউনিট বা বাণিজ্য অনুষদের ৪২৮টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে ৭,৪০৮টি। এই অনুষদে প্রতিটি আসনের জন্য গড়ে প্রায় ১৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। 'ক' ইউনিট বা বিজ্ঞান অনুষদের মোট ৫৬৮টি আসনের জন্য ৯,২২৩টি আবেদনপত্র জমা পড়েছে। যা গড়ে ১৬টিরও বেশি। ফরেস্ট্রি ইনস্টিটিউটে বিভিন্ন কোটাসহ মোট ৫৮টি আসনের জন্য ৩,০৭৫টি আবেদনপত্র জমা পড়েছে। উল্লেখ্য, চলতি শিক্ষাবর্ষ থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৪টি নতুন বিভাগ চালু হওয়ায় গতবারের চেয়ে ৫৬টি আসন বেড়েছে। বিভাগগুলো হচ্ছে ভূগোল, নৃবিজ্ঞান, বায়োকেমিস্ট্রি ও মাইক্রোবায়োলজি। এর মধ্যে নৃবিজ্ঞানে ২৫টি এবং বাকি ৩টি বিভাগে ১০টি করে আসন রয়েছে।

গত ২৩ এপ্রিল থেকে বিভিন্ন ইউনিট ও ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও অনিবার্য কারণে তা পরিবর্তন করে ২৮ এপ্রিল থেকে শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরিবর্তিত সময়সূচী অনুযায়ী ২৮ এপ্রিল 'গ' ইউনিট (মানবিক ও বাণিজ্য শাখা), ২৯ এপ্রিল 'ঙ' ইউনিট, ৩০ এপ্রিল 'ঘ' ইউনিট, ৩ মে 'গ' ইউনিট (বিজ্ঞান শাখা), ৪ মে 'খ' ইউনিট (চারুকলা/পালি/সংস্কৃত/আরবী/ ও ইসলামিক স্টাডিজ বিষয়ের প্রার্থীদের জন্য), ৫ মে 'ক' ইউনিট, ৬ মে সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউট, ৭ মে 'খ' ইউনিট এবং ৮ মে ফরেস্ট্রি ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।